


# এই টিউটোরিয়ালে আপনি ঊষা স্ট্রেইট স্টিচ সেলাই মেশিন সম্পর্কে সমস্ত কিছু শিখবেন










অভিনন্দন এবং এই টিউটোরিয়ালে আপনাকে স্বাগতম যেখানে আপনি শিখবেন ঊষা স্ট্রেইট স্টিচ সেলাই মেশিন সম্পর্কে সমস্ত কিছু। এটি আমাদের

ভিডিওটা সতর্ক ভাবে অনুসরণ করবেন, হ্যাঁ - শুরুতে কিছুটা জটিল মনে হতে পারে কিন্তু আমার কথা বিশ্বাস করবেন - খুব দ্রুতই আপনি সব কিছু আয়ত্ব করে ফেলবেন। চলুন শুরু করা যাক, আমরা কি শুরু করতে পারি?

ববিনে কি করে সুতা ভরা যায় তা শিখানো দিয়ে আমি শুরু করি। আমরা ববিন কেস দিয়ে শুরু করি স্স্লাইড পেট খুলে ববিন কেস টি বের করে আনুন। এরপর ববিন কেস থেকে ববিন টি বের করবেন।


স্পুল থেকে সুতা বের করে ববিন ওয়াইন্ডার টেনশন ব্র্যাকেট এর গায়ে প্যাঁচান। ববিন ওয়াইন্ডার স্পিন্ডল এর উপর ববিনটি এই ভাবে লাগান।

এরপর,ববিন ধরে রাখার জন্য ববিন ওয়াইন্ডার খিল টি চেপে দিন। ব্যালেন্স হুইল টি বাম হাত দিয়ে ধরে রেখে, আমার মত করে স্টপ মোশান কে ঠিলা করবেন। এটা মেশিন কে ফ্লাই হুইল থেকে আলগা করবে।





এবং মেশিন চালু করবেন। যখন ববিন ভরে যাবে এটা আপনা আপনি বন্ধ হয়ে যাবে। সুতা কেটে নিন। ভরা ববিনটা এভাবে বের করে আনুন এবং স্টপ মোশন কে টাইট করে দিন। ববিনটা এভাবে ববিন  কেসে এ ভাবে বসান। এক্ষেত্রে খেয়াল রাখবেন সুতা যেন ঘড়ির কাঁটা চলার দিকে বেরিয়ে আসে। সুতা টেনে ববিন  কেস স্লট এ নিন। এবার সুতাকে টেনশন স্প্রিং এর নিচে দিয়ে টানুন এবং 'ডেলিভারি আই' এর মধ্যে এমন ভাবে  ঢুকান যেন ১০ সে মি (৪ ইঞ্চি)



এরপর হ'লো  সুতা ভরা ববিন বসানো ববিন  কেস কেমন করে শাট্ল এ বসাবেন। (শাট্ল রেস্ এর ভিতর ববিন  কেস সরাসরি ঢুকান যেন ববিন  কেস স্টপার টি ঠিকমত খাঁজের মধ্যে আটকে যায়। ববিন  কেস ক্লাচ টি ছেড়ে দিন এবং ববিন  কেস টি শক্তভাবে আটকে গেল।

এখন বাস্তবে সেলাই শুরু করার আগে শেষ ধাপ - মেশিনে কি ভাবে  সুতা লাগাতে হয় শিখে নেই। আমি আপনাকে শুধু দেখাবো





প্রথমে,  ব্যালেন্স হুইল নিজের দিকে ঘুরিয়ে থ্রেড টেক আপ লিভার টি এভাবে সর্বোচ্চ পর্যায়ে আনুন। এরপর 'প্রেসার ফুট' উপরে তুলুন। থ্রেড গাইড এর মধ্য দিয়ে সুতা ফেস প্লেট এর উপর আনুন এবং সুতা ধরে রেখে নিচের দিকে টেনে এ ভাবে 'থ্রেড টেনশন ইউনিট' এর ভিতরে ঢুকান।





চেক স্প্রিং এর এই পয়েন্ট দিয়ে সুতা টানুন। এরপর থ্রেড টেক আপ লিভারের ভিতর দিয়ে সুতা আমার মত করে নিন। এরপর, ফেস প্লেট থ্রেড গাইডের ভিতর দিয়ে সুতা এভাবে  নিন। এবার, সুতা নিচে টেনে নিড্‌ল বার থ্রেড গাইডের ভিতর ঢুকিয়ে দিন। এবার সেই চূড়ান্ত ধাপ  - সুঁই এর ছিদ্রে বাম থেকে ডানে সুতা পড়ান।



সুঁই এর সুতা আপনার হাতে ধরে রেখে ফ্লাই হুইল আপনার দিকে ঘুরান যেন সুঁই পুরোটা নিচে গিয়ে নিড্‌ল প্লেটের বাইরে বের হয়। আপনার হাতের সুতা টেনে ববিনের সুতাটি বের করবেন।



উপরের সুতা'র টেনশন এভাবে অ্যাডজাস্ট করতে হয়। লুজ টেনশনের জন্য 'থ্রেড টেনশন নব' টি এ ভাবে সরাতে হবে এবং টাইট টেনশনের জন্য এ ভাবে। এটা সেলাই এর চূড়ান্ত্ম ফিনিশ এর বেলায় গুরম্নত্বপূর্ণ ভূমিকা পালন করে। টেনশন সব সময় সঠিক থাকতে হয়.. ঢিলা থাকলে প্রতিটা সেলাই এর পর সুতা জমে গিয়ে দৃষ্টিকটু দেখায় আবার টেনশন বেশী হলে বারবার সুতা ছিঁড়ে যেতে থাকে।

স্টিচ রেগুলেটর নব' সেলাই কতটা লম্বা বা খাট হবে তা ঠিক করতে আপনাকে সহায়তা করে। নবটি টেনে একেবারে নিচে নিয়ে গেলে উল্টা সেলাই করা যায়



এখন শিখা যাক কিভাবে সুঁই বদলাতে হয়।

সুঁই বদলানোর জন্য 'নিড্‌ল ক্ল্যাম্প স্ক্রু' ঢিলা করবেন এবং সুঁইটা টেনে নামান। ঘরোয়া সেলাই মেশিনে গুলির সুঁই এর মাথা এক পাশে চ্যাপ্টা আর অন্য পাশে গোলাকার থাকে। মেশিনে সুঁই লাগানোর সময় চ্যাপ্টা দিকটি যেন 'নিড্‌ল বার' মুখি থাকে



এরপর, আমরা আপনাকে শাটল পরিস্কার করা শিখাবো



স্স্নাইড পেস্নট উঠিয়ে শাটল রেস থেকে ববিন কেসটি বের করে নিন। 'শাটল রেস ক্ল্যাম্প' ঘুরিয়ে শাটল টি টেনে বের করে আনুন
নরম কাপড় দিয়ে শাটল টি পরিস্কার করে জায়গা মত বসিয়ে দিন।শাটল হুক রিং এর এখানে একটা খাঁজ রয়েছে, এটা শাটল রেস এর গ্রম্নভ এর সাথে মিলতে হবে কারণ, শাটল রিং মসৃণ ভাবে ভিতরে যেতে হবে।

ক্ল্যাম্প গুলি ঘুরিয়ে শাটল রেস আটকাতে হবে। ববিন কেস যায়গা মত বসান আর স্স্নাইড পেস্নট বন্ধ করবেন।






সর্বশেষ হ'লেও এটা গুরুত্ব হীন নয় – নির্বিঘ্নে চলার জন্য আপনার মেশিনে সময় সময়ে তেল দিতে হবে। আপনার সেলাই মেশিনের দেয়া উপকরণ বাক্সের মধ্যে একটা তেলের বোতল রয়েছে। দেখানো মত করে চিহ্ন দেয়া নির্ধারিত ছিদ্র গুলোতে তেল দিতে হবে। মেশিন যদি আপনি সপ্তাহে একবার ব্যবহার করেন তা হ'লে মাসে একবার তেল দিন। মাসে একবার ব্যবহার করলে প্রতি তিন মাসে একবার তেল দিন।







এই মেশিন গুলি ভিন্ন ধরণের ও পাওয়া যায়, যেটাতে শক্তসমর্থ বেজ এবং একটা ঢাকনি রয়েছে। এগুলি হাতে এবং পায়ে চালানো যায়। এটা হচ্ছে সেই আপনাদের জন্য, যারা হাতে ও পায়ে চালানো ' ঊষা উমাং কম্পোজিট সিউইং মেশিন ' পছন্দ করেন।

আমরা আশা করি আপনারা এই লেসন টি উপভোগ করেছেন